

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৮.১৯-৫৬৮

তারিখঃ ১৯ কার্তিক ১৪২৬ ব.  
০৪ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮২৮৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮২৮৭/২০১৯ মামলার রুলনিশি ও আজির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮২৮৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৮২৮৭/২০১৯	জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (বাংলা), কলারোয়া আলিয়া (সিনিয়র) মাদ্রাসা, উপজেলা- কলারোয়া, জেলা- সাতক্ষীরা।	সচিব, টিএমইডি, ভিসি, ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জন।	সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন কলারোয়া আলিয়া (সিনিয়র) মাদ্রাসা'র প্রভাষক (বাংলা) জনাব মো: নজরুল ইসলাম - তাকে প্রভাষক পদ হতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদানে কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় জনাব মো: নজরুল ইসলাম কর্তৃক পিটিশনার হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৮২৮৭/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ১৮/০৮/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার কর্তৃক ৩১/১২/২০১৭ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি সুবধিজনক সময়ের মধ্যে রেসপনডেন্ট নং-৪ (ডিজি. ডিএমই) কর্তৃক বিধি মোতাবেক নিষ্পত্তিকরণে ব্যর্থ হওয়া-কে কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ১৫/০৯/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে পিটিশনার কর্তৃক ৩১/১২/২০১৭ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য রেসপনডেন্ট নং-৪ (ডিজি. ডিএমই)-কে নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার ১৮/০৮/২০১৯ তারিখের আদেশের আলোকে পিটিশনার কর্তৃক ৩১/১২/২০১৭ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি রেসপনডেন্ট নং-৪ (ডিজি. ডিএমই) কর্তৃক বিধি মোতাবেক নিষ্পত্তিক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮২৮৭/২০১৯ মামলার ১৮/০৮/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী পিটিশনার কর্তৃক ৩১/১২/২০১৭ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়েছে কীনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে পিটিশনারের ৩১/১২/২০১৭ তারিখের আবেদনটি নিষ্পত্তিক্রমে (সুযোগ থাকলে নিষ্পত্তির বিষয়টি সংশ্লিষ্ট আদালতে অবহিতকরতঃ) আগামী ১৭/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।